


স্মারক নং: জাককানইবি/রেজি:/অআ/১৮১৯/২৫/পার্ট-০৪/৫৪৭৪

তারিখ: ১২.০৪.২০২৬

অফিস আদেশ

সাম্প্রতিক সময়ে দেখা যাচ্ছে যে, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ-এর নাম, লোগো, পরিচিতি ও সুনামকে অবৈধভাবে ব্যবহার করে কিছু অসাধু ও স্বার্থাশ্রয়ী মহল সামাজিক যোগাযোগ মাধ্যম বিশেষত ফেসবুক-এ ফেক পেইজ, গ্রুপ, একাউন্ট পরিচালনা করছে। এসব প্র্যাটফর্ম থেকে বেনামে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী, শিক্ষার্থী ও সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের বিরুদ্ধে মিথ্যা, বিভ্রান্তিমূলক ও মানহানিকর তথ্য প্রচার করা হচ্ছে, যা সুস্পষ্টভাবে শাস্তিযোগ্য অপরাধ। এ ধরনের কর্মকান্ড বাংলাদেশের প্রচলিত আইন, বিশেষ করে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন, ডিজিটাল নিরাপত্তা আইনসহ অন্যান্য সংশ্লিষ্ট আইনের আওতায় দণ্ডনীয় এবং গুরুতর অপরাধ হিসেবে গণ্য হয়। এমতাবস্থায়, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ- এর নাম, লোগো বা সংশ্লিষ্ট পরিচয় ব্যবহার করে পরিচালিত সকল ফেসবুক পেজ, গ্রুপ, একাউন্টের এডমিন, পরিচালক, মডারেটর ও পোস্টদাতাদের নির্দেশ প্রদান করা যাচ্ছে যে, আগামী (০৭) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট পেজ, গ্রুপ, একাউন্টের পূর্ণাঙ্গ এডমিন প্যানেলের তথ্য (জাতীয় পরিচয়পত্র অনুযায়ী নাম, ঠিকানা, মোবাইল নম্বরসহ) বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দপ্তর-এ লিখিতভাবে জমা দিয়ে যথাযথ অনুমোদন গ্রহণ করতে হবে। অন্যথায়, নির্ধারিত সময়সীমার মধ্যে উক্ত নির্দেশনা প্রতিপালনে ব্যর্থ হলে সংশ্লিষ্ট পেজ, গ্রুপ, একাউন্টসমূহ চিহ্নিত করে তাৎক্ষণিকভাবে অপসারণ-এর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। সংশ্লিষ্ট ব্যক্তিদের বিরুদ্ধে ফৌজদারী মামলা দায়েরসহ কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। প্রয়োজনে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, সাইবার ক্রাইম ইউনিট এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মাধ্যমে তদন্তপূর্বক দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা নিশ্চিত করা হবে। বিশ্ববিদ্যালয়ের মর্যাদা, সুনাম ও শৃঙ্খলা রক্ষার্থে এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন ও দায়িত্বশীল আচরণ করার জন্য কঠোরভাবে নির্দেশ প্রদান করা হলো।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে


(অধ্যাপক ড. মো. মিজানুর রহমান)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়
ত্রিশাল, ময়মনসিংহ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. ট্রেজারার, জাককানইবি, ত্রিশাল, ময়মনসিংহ।
০২. ডিন, কলা অনুষদ/বিজ্ঞান ও প্রকৌশল অনুষদ/সামাজিক বিজ্ঞান অনুষদ/ব্যবসায় প্রশাসন অনুষদ/আইন অনুষদ/চারুকলা অনুষদ, জাককানইবি।
০৩. বিভাগীয় প্রধান, বাংলা ভাষা ও সাহিত্য বিভাগ/ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগ/সঙ্গীত বিভাগ/থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগ/ফিল্ম এন্ড মিডিয়া স্টাডিজ বিভাগ/দর্শন বিভাগ/ইতিহাস বিভাগ/কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ/এনভায়রনমেন্টাল সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ/পরিসংখ্যান বিভাগ/অর্থনীতি বিভাগ/লোকপ্রশাসন ও সরকার পরিচালনা বিদ্যা বিভাগ/ফোকলোর বিভাগ/নৃবিজ্ঞান বিভাগ/পপুলেশন সায়েন্স বিভাগ/স্থানীয় সরকার ও নগর উন্নয়ন বিভাগ/সমাজবিজ্ঞান বিভাগ/হিসাববিজ্ঞান ও তথ্য পদ্ধতি বিভাগ/ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগ/হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ/ব্যবস্থাপনা বিভাগ মার্কেটিং বিভাগ/আইন ও বিচার বিভাগ/চারুকলা বিভাগ, জাককানইবি, ত্রিশাল, ময়মনসিংহ।
০৪. পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)/গ্রন্থাগারিক (ভারপ্রাপ্ত), জাককানইবি, ত্রিশাল, ময়মনসিংহ।
০৫. প্রভোস্ট, অগ্নি-বীণা হল/দোলন-চাঁপা হল/বিদ্রোহী হল/শিউলিমালা হল, জাককানইবি, ত্রিশাল, ময়মনসিংহ।
০৬. প্রক্টর, জাককানইবি, ত্রিশাল, ময়মনসিংহ।
০৭. পরিচালক, ইন্সটিটিউট অব নজরুল স্টাডিজ/গবেষণা ও সম্প্রসারণ/ছাত্র পরামর্শ ও নির্দেশনা/অর্থ ও হিসাব/পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস/আইকিউএসি, জাককানইবি
০৮. পরিবহন প্রশাসক, জাককানইবি, ত্রিশাল, ময়মনসিংহ।
০৯. অতিরিক্ত পরিচালক, শরীরচর্চা শিক্ষা বিভাগ, জাককানইবি, ত্রিশাল, ময়মনসিংহ।
১০. উপ-প্রধান প্রকৌশলী, প্রকৌশল দপ্তর, জাককানইবি, ত্রিশাল, ময়মনসিংহ।
১১. অতিরিক্ত চিফ মেডিকেল অফিসার, মেডিকেল সেন্টার, জাককানইবি, ত্রিশাল, ময়মনসিংহ।
১২. অতিরিক্ত পরিচালক (জনসংযোগ, তথ্য ও প্রকাশনা), জনসংযোগ দপ্তর, জাককানইবি, ত্রিশাল, ময়মনসিংহ (মিডিয়ায় প্রচারের জন্য)।
১৩. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, ICT সেল, জাককানইবি, ত্রিশাল, ময়মনসিংহ (ওয়েব সাইটে প্রদর্শনের জন্য)।
১৪. সহকারী রেজিস্ট্রার (সিকিউরিটি), জাককানইবি, ত্রিশাল, ময়মনসিংহ।
১৫. সহকারী পরিচালক (অর্থ ও হিসাব) ও পি এস টু ভিসি, উপাচার্য দপ্তর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), জাককানইবি, ত্রিশাল, ময়মনসিংহ।
১৬. অফিস নথি।

(খন্দকার নাজমুল হাসান)

অতিরিক্ত পরিচালক

রেজিস্ট্রার দপ্তর, জাককানইবি, ত্রিশাল, ময়মনসিংহ।